



নং-জস/৭১৪/২০১৮-১৯

২৯ ফাল্গুন ১৪২৫  
১৩ মার্চ ২০১৯


## প্রেস বিজ্ঞপ্তি

### ডাকসু নির্বাচনে বিজয়ীদের ঢাবি উপাচার্যের অভিনন্দন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দীর্ঘ প্রায় আড়াই যুগ পর গত ১১ মার্চ ২০১৯ সোমবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে প্রার্থী হিসেবে যারা অংশগ্রহণ করেছেন তাদেরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। যারা এই নির্বাচনে বিজয়ী হয়েছেন তাদেরকে তিনি অভিনন্দন জানান।

উপাচার্য এই নির্বাচন সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালনায় সহযোগিতা করার জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, গণমাধ্যমকর্মীসহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। একইসাথে সুশৃঙ্খলভাবে গণতান্ত্রিক মূল্যবোধ ধারণ করে ভোটাধিকার প্রয়োগ করায় তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিশেষভাবে ধন্যবাদ জানান।

-----

  
২৬-৩-১৯  
(মাহমুদ আলম)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ দফতর  
ঢাকা বিশ্ববিদ্যালয়